গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা -১২০৮।
www.nfeboard.portal.gov.bd

স্মারক: ৩৮.০০.০০০০.০০০.৫০১.১৮.০০১৩.২৬- ৩১৮

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬

## অফিস আদেশ

উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, প্রি-ভোকেশনাল শিক্ষা এবং জীবনব্যাপী শিক্ষার গুণগত মান, প্রাসঙ্গিকতা ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে কারিকুলাম, প্রশিক্ষণ প্যাকেজ, শিক্ষাসামগ্রী ও মূল্যায়ন ব্যবস্থা উন্নয়ন এবং হালনাগাদ করে থাকে। জাতীয় শিক্ষা নীতি ২০১০, BNQF, NTVQF, জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, আন্তর্জাতিক উত্তম চর্চা এবং পরিবর্তিত শ্রমবাজারের চাহিদার আলোকে বিদ্যমান কোর্স প্যাকেজ পরিমার্জন ও নতুন প্যাকেজ উন্নয়নের লক্ষ্যে সংযুক্ত টার্মস অব রেফারেন্স অনুযায়ী নিম্নরূপ অ্যাক্রেডিটেশন অ্যান্ড কোয়ালিটি অ্যাস্যুরেন্স কমিটি (Accreditation and Quality Assurance Committee–AQAC) গঠন করা হলো:

## Accreditation & Quality Assurance Committee (AQAC)

| | | |
|---|---|---|
| ১ | পরিচালক (পরিকল্পনা, মনিটরিং, মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সভাপতি |
| ২ | উপপরিচালক (প্রশিক্ষণ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| ৩ | উপপরিচালক (বাস্তবায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| ৪ | সহকারী পরিচালক (পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| ৫ | প্রতিনিধি, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ / প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৬ | প্রতিনিধি, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড / জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | সদস্য |
| ৭ | প্রতিনিধি, ইএসডিও/ ব্র্যাক | সদস্য |
| ৮ | প্রতিনিধি, ইউনিসেফ বাংলাদেশ | সদস্য |
| ৯ | সহকারী পরিচালক (বাস্তবায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য সচিব |

উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে:

- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কর্মকর্তাগণ অপরিবর্তিত থেকে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ব্র্যাক এবং ইউনিসেফ-এর প্রতিনিধি যুক্ত হবেন।

প্রি-ভোকেশনাল কারিকুলামের ক্ষেত্রে:

- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কর্মকর্তাগণ অপরিবর্তিত থেকে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ইএসডিও এবং ইউনিসেফ-এর প্রতিনিধি যুক্ত হবেন।

সংযুক্ত: টার্মস অফ রেফারেন্স

২৬/০৭/২০২৬


(মনোয়ারা ইশরাত)
অতিরিক্ত সচিব
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ও
চেয়ারম্যান
উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
ফোন: ০২-২২৬৬০১১১০
ই-মেইল: dg@bnfe.gov.bd


সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৩। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড
৫। নিবন্ধক (নিবন্ধন/সনদায়ন/অ্যাক্রিডিটেশন), উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
৭। সচিব, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
৮। উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
৯। সহকারী পরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
১০। সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
১১। অফিস কপি

# উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
# ক্রেডিটেশন অ্যান্ড কোয়ালিটি অ্যাসুরেন্স কমিটি (AQAC)
# টার্মস অব রেফারেন্স (ToR)

## ১. প্রেক্ষাপট

উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, প্রি-ভোকেশনাল শিক্ষা, এবং জীবনব্যাপী শিক্ষার (Lifelong Learning) গুণগত মানোন্নয়ন, প্রাসঙ্গিকতা ও টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন কারিকুলাম, প্রশিক্ষণ প্যাকেজ, শিক্ষাসামগ্রী, মূল্যায়ন ব্যবস্থা এবং শিক্ষণ-শিখন সম্পদের উন্নয়ন, পর্যালোচনা ও হালনাগাদের কার্যক্রম বাস্তবায়ন করে থাকে।

জাতীয় শিক্ষা নীতি ২০১০, বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (BNQF), জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, জাতীয় প্রযুক্তিগত ও বৃত্তিমূলক যোগ্যতা ফ্রেমওয়ার্ক (NTVQF), আন্তর্জাতিক উত্তম চর্চা এবং পরিবর্তিত সামাজিক ও শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে এসব কার্যক্রমের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে একটি উচ্চ-পর্যায়ের কারিগরি ও গুণগত মান নিশ্চিতকরণ কমিটি (Accreditation and Quality Assurance Committee - AQAC) গঠন করা অপরিহার্য।

এই কমিটি উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড -এর আওতাধীন উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, প্রি-ভোকেশনাল শিক্ষা, এবং জীবনব্যাপী শিক্ষাসংক্রান্ত সকল কারিকুলাম, প্রশিক্ষণ কর্মসূচি, শিক্ষা উপকরণ এবং মূল্যায়ন ব্যবস্থার উন্নয়ন, পর্যালোচনা, ভ্যালিডেশন ও অনুমোদন প্রক্রিয়ায় কৌশলগত দিকনির্দেশনা প্রদান এবং গুণগত মান নিশ্চিত করবে। এই ToR-এর উদ্দেশ্য AQAC-এর গঠন, দায়িত্ব, কর্তব্য ও কার্যপদ্ধতি বিস্তারিতভাবে বর্ণনা করা।

## ২. কমিটির উদ্দেশ্য (Objectives)

### ২.১ সার্বিক উদ্দেশ্য (Overall Objective)

উপানুষ্ঠানিক শিক্ষা, প্রাথমিক শিক্ষা, প্রি-ভোকেশনাল শিক্ষা, এবং জীবনব্যাপী শিক্ষাসংক্রান্ত সকল শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে গুণগত মান, প্রাসঙ্গিকতা, অন্তর্ভুক্তিমূলকতা এবং জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সামঞ্জস্য নিশ্চিত করা।

### ২.২ নির্দিষ্ট উদ্দেশ্য (Specific Objectives)

কমিটির নির্দিষ্ট উদ্দেশ্য হলো—

১. শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত মান নিশ্চিতকরণের জন্য নীতিগত ও কারিগরি দিকনির্দেশনা প্রদান করা।

২. কারিকুলাম, প্রশিক্ষণ প্যাকেজ, শিক্ষাসামগ্রী এবং মূল্যায়ন কাঠামো পর্যালোচনা ও অনুমোদন করা।

৩. শিল্পখাত, শ্রমবাজার ও সমাজের বর্তমান ও ভবিষ্যৎ চাহিদার সাথে শিক্ষা কার্যক্রমের প্রাসঙ্গিকতা বজায় রাখা।

৪. বিষয়ভিত্তিক কারিগরি কমিটি বা বিশেষজ্ঞ দলের কার্যক্রম তদারকি করা।

৫. শিক্ষা কার্যক্রমকে জাতীয় নীতি, BNQF, NTVQF, এবং আন্তর্জাতিক উত্তম চর্চার সাথে সামঞ্জস্যপূর্ণ করা।

৬. শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচির ধারাবাহিক উন্নয়ন (Continuous Quality Improvement) নিশ্চিত করা।

৭. শিক্ষা উপকরণ ও মূল্যায়ন পদ্ধতির অন্তর্ভুক্তিমূলকতা, লিঙ্গ-সংবেদনশীলতা ও প্রতিবন্ধীবান্ধবতা নিশ্চিত করা।

## ৩. কার্যপরিধি (Scope of Work)

AQAC নিম্নোক্ত ক্ষেত্রসমূহে গুণগত মান নিশ্চিতকরণ কার্যক্রম পরিচালনা করবে—

- উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা
- প্রি-ভোকেশনাল শিক্ষা
- জীবনব্যাপী শিক্ষা (Lifelong Learning)
- কারিকুলাম উন্নয়ন ও হালনাগাদ
- শিক্ষক ও প্রশিক্ষক নির্দেশিকা
- মূল্যায়ন ও সার্টিফিকেশন ব্যবস্থা
- ডিজিটাল ও অনলাইন শিক্ষাসামগ্রী
- শিল্পখাতের সাথে সমন্বয় ও চাহিদা জরিপ
- অন্যান্য শিক্ষা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট উদ্যোগ

## ৪. দায়িত্ব ও কর্তব্য (Duties and Responsibilities)

### ৪.১ নীতিগত ও কৌশলগত দায়িত্ব

- কারিকুলাম রিভিউ ও উন্নয়নের জন্য প্রণীত ফ্রেমওয়ার্ক ও নির্দেশিকা অনুমোদন করবে।
- সকল টেকনিক্যাল সাব-কমিটি ও ওয়ার্কিং গ্রুপের কার্যক্রম তদারকি করবে।
- গুণগত মান নিশ্চয়নের নীতি, কাঠামো ও নির্দেশিকা অনুমোদনের জন্য সুপারিশ প্রদান।
- শিক্ষা ও প্রশিক্ষণ উন্নয়নে কৌশলগত দিকনির্দেশনা প্রদান।
- নতুন শিক্ষা বা প্রশিক্ষণ কর্মসূচি চালুর সুপারিশ প্রদান।
- বিদ্যমান কারিকুলাম ও প্রশিক্ষণ কর্মসূচির নিয়মিত পর্যালোচনা ও হালনাগাদের নির্দেশনা প্রদান।

### ৪.২ কারিগরি পর্যালোচনা

- কারিকুলাম, ইউনিট অব কম্পিটেন্সি (UoC), কোর্স অ্যাক্রেডিটেশন ডকুমেন্ট (CAD), প্রশিক্ষণ প্যাকেজ, শিক্ষা উপকরণ ও মূল্যায়ন কাঠামো পর্যালোচনা করা।
- প্রয়োজনীয় ক্ষেত্রে চাহিদা নিরূপণ, গবেষণা ও পরিস্থিতি বিশ্লেষণের ফলাফল বিবেচনা করা।

- কারিগরি মতামত ও সংশোধনের সুপারিশ প্রদান।

### ৪.৩ গুণগত মান নিশ্চিতকরণ

নিশ্চিত করবে যে—

- শিক্ষা কার্যক্রম জাতীয় নীতি, BNQF, NTVQF এবং প্রাসঙ্গিক মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ।
- শেখার ফলাফল (Learning Outcomes), শিক্ষণ পদ্ধতি এবং মূল্যায়নের মধ্যে সামঞ্জস্য রয়েছে।
- শিক্ষা উপকরণ অন্তর্ভুক্তিমূলক, লিঙ্গ-সংবেদনশীল এবং প্রতিবন্ধীবান্ধব।
- মূল্যায়ন ব্যবস্থা বৈধ (Valid), নির্ভরযোগ্য (Reliable), ন্যায্য (Fair) এবং স্বচ্ছ (Transparent)।
- শিক্ষা কার্যক্রম শ্রমবাজার ও সমাজের চাহিদার সাথে প্রাসঙ্গিক।

### ৪.৪ ভ্যালিডেশন ও অনুমোদন

- খসড়া নথি পর্যালোচনা ও ভ্যালিডেশন করা।
- প্রয়োজনীয় সংশোধনের সুপারিশ প্রদান।
- চূড়ান্ত নথি অনুমোদন বা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রদান।

### ৪.৫ পর্যবেক্ষণ ও ধারাবাহিক উন্নয়ন

- শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত অগ্রগতি পর্যবেক্ষণ করা।
- বাস্তবায়ন-সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা করা।
- প্রমাণভিত্তিক সুপারিশের মাধ্যমে ধারাবাহিক উন্নয়ন (Continuous Quality Improvement) নিশ্চিত করা।

## ৫. সমন্বয় ও যোগাযোগ (Coordination and Communication)

- কমিটি ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (ISC), প্রশিক্ষণ প্রতিষ্ঠান, অন্যান্য সরকারি-বেসরকারি সংস্থা ও BNFE-এর মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করবে।
- জাতীয় যোগ্যতা ও পাঠ্যক্রম বাস্তবায়নে উদ্ভূত যেকোনো গুণগত সমস্যা সম্পর্কে BNFE-কে সময়মতো অবহিত করবে ও সমাধানের সুপারিশ প্রদান করবে।
- দক্ষতা-ভিত্তিক প্রশিক্ষণের আন্তর্জাতিক উত্তম চর্চা সম্পর্কে অবগত থাকবে এবং তা বাংলাদেশের প্রেক্ষাপটে বাস্তবায়নে সহায়তা করবে।
- পর্যালোচনার ফলাফল ও পরিবর্তনের বিবরণ BNFE ওয়েবসাইটে প্রকাশের জন্য সুপারিশ করবে।

৬. কমিটির কার্যকাল (Tenure of the Committee)

• কমিটি গঠনের তারিখ থেকে কার্যকর হবে এবং সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত অথবা উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক পুনর্গঠন বা বিলুপ্ত না করা পর্যন্ত কার্যকর থাকবে।

• কমিটির প্রাথমিক কার্যকাল ২ (দুই) বছর হবে। পরবর্তীতে উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড প্রয়োজনে এই মেয়াদ বাড়াতে পারবে।

৭. অন্যান্য (Miscellaneous)

১. প্রয়োজন অনুযায়ী বিষয়ভিত্তিক উপ-কমিটি বা কারিগরি ওয়ার্কিং গ্রুপ গঠন করা যাবে।

২. কমিটি প্রয়োজনে দেশীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞের মতামত গ্রহণ করতে পারবে।

৩. উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড প্রয়োজনে এই টার্মস অব রেফারেন্স সংশোধন, সংযোজন বা পরিমার্জন করতে পারবে।